

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উদ্ভিদ সংরক্ষণ উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।

স্মারক নং: ১২.১১.০০০০.০১২.৩৮.০০১.২০৩৩ (৩৮)

তারিখ ০৭/০৮/২০২১

বরাবর,
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
..... অঞ্চল (সকল)।

বিষয় : চলতি রবি মৌসুমে বোরো ধানের জমিতে পোকা ও রোগবালাই আক্রমণে সতর্কতা প্রসঙ্গে।

খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে দানাদার ফসল বিশেষ করে ধান উৎপাদন গুরুত্বপূর্ণ। বর্তমানে সারাদেশে বোরো আবাদ চলছে। রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণের কারণে বোরো ধান উৎপাদন যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য আপনার অঞ্চলাধীন সকল জেলা, উপজেলা ও ব্লক পর্যায়ের কর্মকর্তাদের নিয়মিত মাঠ পরিদর্শন, পর্যবেক্ষণ, কৃষকদের পোকামাকড়ের উপস্থিতি নির্ণয় এবং প্রাথমিক অবস্থাতে এর আক্রমণ প্রতিরোধ ও দমনের জন্য আলোক ফাঁদ এবং শতভাগ পাচিং নিশ্চিত করতে পরামর্শ প্রদান ও নিয়মিত অতন্দ্র জরিপ কার্যক্রম জোরদার করা সহ ফসল রক্ষার্থে সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ের অগ্রগতি মনিটরিং এর নিমিত্তে আপনার অঞ্চলাধীন জেলাসমূহ থেকে প্রাপ্ত আলোক ফাঁদ, পাচিং ও অতন্দ্র জরিপের সাপ্তাহিক প্রতিবেদন প্রতি সপ্তাহের বুধবারে সফট কপি ই-মেইল যোগে (ddsurdvae@gmail.com) এবং হার্ড কপি নিম্ন স্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য বলা হলো। এ ছাড়াও নিম্নের পরামর্শগুলো মাঠ পর্যায়ে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বলা হলো।

- চলতি বোরো মৌসুমে সংশ্লিষ্ট সকল উপজেলায় ০৫ টি করে অতন্দ্র জরিপ ব্লক স্থাপন নিশ্চিত করা।
- প্রতিটি অতন্দ্র জরিপ ব্লকে সাইনবোর্ড স্থাপন নিশ্চিত করা।
- অঞ্চল, জেলা, উপজেলা পর্যায়ে কর্মকর্তাদের মাঠ পরিদর্শন ও পর্যবেক্ষণের মাধ্যমে অতন্দ্র জরিপ কার্যক্রম জোরদার করা।
- বিভাগীয় সভায় অতন্দ্র জরিপ ব্লকের ও মাঠের বালাই পরিস্থিতি পর্যালোচনা করা।
- পোকামাকড় ও রোগ বালাই দমনে পিপি ফ্লোয়াডকে সর্বদা সতর্ক অবস্থানে তৎপর রাখা।
- ডিলারের দোকানে উপযুক্ত কীটনাশক/ রোগনাশকের পর্যাপ্ততা নিশ্চিত করা এবং প্রয়োজনে প্রেসক্রিপশন প্রদানের ব্যবস্থা করা।
- সন্ধ্যায়/ রাতের বেলায় প্রথম ভাগে আলোক ফাঁদ স্থাপন করে পোকার উপস্থিতি নির্ণয় ও দমনের তাৎক্ষণিক ভাবে ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করণ।
- আইপিএম, সিআইজি, আইএফএমসি সহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর অন্যান্য ফ্রপের মাধ্যমে বিভিন্ন বালাই সম্পর্কে কৃষকদের সচেতন করা।
- ডিএই এর ওয়েবসাইটে প্রদত্ত ই-কৃষি সম্প্রসারণ সেবাসমূহ (কৃষকের জানালা/কৃষকের ডিজিটাল ঠিকানা/ই-বালাইনাশক প্রেসক্রিপশন/অন্যান্য ই-সেবা) ব্যবহারে কৃষকদের সহায়তা করা।
- প্রতি ডিলারের দোকানে, হাট বাজারে, ইউনিয়ন পরিষদে ঐ এলাকার এসএএও দের মোবাইল নম্বর সংরক্ষণ করা যাতে প্রয়োজনে ঐ এলাকার কৃষকগণ সহায়তা পেতে পারেন।

(ড. মোঃ আবু সাঈদ মিয়া)
পরিচালক

উদ্ভিদ সংরক্ষণ উইং
ফোন নং ৯১৩১২৯৫

০৬/০৮/২০২১

অনুলিপি জ্ঞাতার্থে :

১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ঢাকা ওয়েব সাইটে প্রকাশের জন্য।